

ইলকিলাব

ঢাকা, মঙ্গলবার ২ মাঘ ১৪১৪, ১৫ জানুয়ারী ২০০৮

কর্মশালায় বক্তারা

কারাগারকে মাদকমুক্ত করা জরুরী

স্টাফ রিপোর্টার : কারাগারকে মাদকমুক্ত করা জরুরী। মাদকদ্রব্য গ্রহণ আত্মহত্যার শামিল। গতকাল (সোমবার) রাজধানীর ইস্কাটনস্থ বিয়াম ফাউন্ডেশন মাহবুব কবীর অভিটরিয়ামে অনুষ্ঠিত 'কারাবন্দী মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয় চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে বক্তারা একথা বলেন। ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ডঃ শেখ আব্দুর রশিদ। অতিথি ছিলেন ইউএনওডিসি রসা-এর কনসালটেন্ট কারাগার বিশেষজ্ঞ ডঃ জয়দেব সারঙ্গী ও ইউএনওডিসি'র বাংলাদেশের উপদেষ্টা ডঃ মোজাম্মেল হক। এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন ঢাকা আহছানিয়া মিশনের কর্মসূচী বিভাগের পরিচালক সফিকুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে পিয়ার গাইডের মোড়ক উন্মোচন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ডঃ শেখ আব্দুর রশিদ।